সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৪৬

২৬ ফেব্রুয়ারি, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **CBMS সফটওয়্যারে রেজিস্ট্রেশন বা Onboard হওয়া প্রসঙ্গে।**

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৬/০২/২০২৫ইং তারিখে **CBMS** সফটওয়্যারে অনবোর্ড সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি ও পরিচালনায় সৃষ্ট জটিলতা নিরসনে করনীয় সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি) মহোদয়ের সভাপত্বিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল প্রতিষ্ঠান এখনো পর্যন্ত **CBMS** সফটওয়্যারে অনবোর্ড হন নাই তাদের ক্ষেত্রে এ সময় আর বৃদ্ধি করা হবে না মর্মে উল্লেখ করেন। তবে যে সকল প্রতিষ্ঠান অনবোর্ড হয়েছে কিন্তু সফটওয়্যারের জটিলতার কারণে অনলাইনে কার্য সম্পাদন করতে পারছেন না তাদের ক্ষেত্রে অনলাইনের পাশাপাশি ম্যানুয়ালী কার্য সম্পাদন করার সুযোগ প্রদান করা হবে।

যে সকল প্রতিষ্ঠান এখনো পর্যন্ত অনবোর্ড হন নাই তাদেরকে আগামী ২৮/০২/২০২৫ ইং তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে অনবোর্ড হওয়ার জন্য সদস্য মহোদয় অনুরোধ জানান। অন্যথায় বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে জটিলতার সম্মুখীন হবেন মর্মে উল্লেখ করা হয়।

সভায় আরো উল্লেখ করা হয় যে, মার্চ মাসের ১ম সপ্তাহে এ'সংক্রান্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডে একটি সভা অনুষ্ঠিত হবে এবং সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত অনবোর্ড সংক্রান্ত সকল তথ্য পর্যালোচনা করা হবে। যে সকল প্রতিষ্ঠান অনবোর্ড হবেন না তাদের কার্যক্রম পরিচলনা সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বন্ডের আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম চলমান রাখার স্বার্থে আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে **CBMS** সফটওয়্যারে অনবোর্ড হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

২৬/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org